BITAC-A Center of Excellence
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্মারক নং -৩৬.০৬.০০০০.০২৪.৩৭.০০১.১৯/ ১৬৭২

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৭
২২ সেপ্টেম্বর ২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা, গ্রন্থ আলোচনা, কুইজ প্রতিযোগিতাসহ বিভিন্ন আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবনের বিভিন্ন দিক ও তার রাজনৈতিক দর্শন নিয়ে একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্মরণিকা প্রকাশের জন্য জাতির পিতার কর্মময় জীবন, রাজনৈতিক দর্শন/মুক্তিযুদ্ধ/বাংলাদেশের স্বাধীনতা সংক্রান্ত বিষয়ের উপর বিটাকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গের কাছে থেকে লেখা আহ্বান করা যাচ্ছে।

এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামোচা' এবং প্রফেসর সালাউদ্দীন আহমদ, মোনায়েম সরকার ও ড. নুরুল ইসলাম মঞ্জুর সম্পাদিত এবং আগামী প্রকাশনী প্রকাশিত 'বাংলাদেশের মুক্তিসংগ্রামের ইতিহাস (১৯৪৭-১৯৭১)' এই তিনটি বইয়ের উপর কুইজ/রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। যেখানে বিটাকের কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারবর্গ অংশগ্রহণ করতে পারবে। রচনা ও কুইজ প্রতিযোগিতা বিজয়ীদের জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা রয়েছে।

উক্ত স্মরণিকায় লেখা ছাপাতে ইচ্ছুক বিটাকের কর্মকর্তা/কর্মচারী এবং তাদের পরিবারবর্গকে আগামী ২৯/১০/২০২০ ইং তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারী কর্মকর্তার নিকট হার্ড-কপি এবং (prodhaka@bitac.gov.bd) ই-মেইল ঠিকানায় সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/০৯/২০

ইসতিয়াক আহমেদ
জনসংযোগ কর্মকর্তা, বিটাক।

অনুলিপিঃ (সদয় অবগতি কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. পরিচালক, বিটাক,সদর দপ্তর/ঢাকা/পরিকল্পনা/প্রশিক্ষণ;
২. অতিরিক্ত পরিচালক, বিটাক, ঢাকা/চট্টগ্রাম/চাঁদপুর/খুলনা/বগুড়া/টুল ইনস্টিটিউট; (অধস্তন সকলের মধ্যে প্রচারের জন্য)
৩. সচিব, বিটাক;
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিটাক;
৫. সকল বিভাগীয় প্রধান (যান্ত্রিক/অটো/রক্ষনাবেক্ষণ/মোল্ড/সিএনসি/বিদ্যুৎ/সুইসকন্টাক্ট/ডিজাইন/ফরমা/ ঢালাই/তাপ/পিসি/প্লাস্টিক/গিসিডি/আইডি/জনসংযোগ/অডিট/ক্রয়/প্রশিক্ষণ/গুদাম/পরিকল্পনা/হিসাব/আইসিটি/বাজেট বিভাগ, ঢাকা; (অধস্তন সকলের মধ্যে প্রচারের জন্য)
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিটাক; (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. নোটিশ বোর্ড, বিটাক, ঢাকা, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা, বগুড়া।

বিটাক, ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
ফোনঃ ৮৮৭০২৬৬, ৮৮৭০৬৮০, ফ্যাক্সঃ ০২-৮৮৭০৭২৮। ওয়েবসাইটঃ www.bitac.gov.bd